

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন  
ওয়েবসাইট: www.bb.org.bd

ডিওএস সার্কুলার লেটার নং-০২

০৪ মার্চ, ২০১৫  
তারিখ: -----  
২০ ফাল্গুন, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফশিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

বাংলাদেশে ব্যাসেল-৩ বাস্তবায়নের লক্ষ্যে মূলধন  
পর্যাপ্ততার হার ও লিভারেজ রেশিও রিপোর্টিং প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে ২১ ডিসেম্বর, ২০১৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা  
যাচ্ছে।

২. বাংলাদেশ ব্যাংক উপরিউক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাসেল-৩ বাস্তবায়নের সংশোধিত রোডম্যাপ এবং Guidelines on  
Risk Based Capital Adequacy (Revised Regulatory Capital Framework for banks in line with Basel  
III) ইস্যু করেছে। ব্যাংকগুলোকে উল্লিখিত রোডম্যাপ ও গাইডলাইনে বর্ণিত নির্দেশনা মোতাবেক ন্যূনতম সংরক্ষিতব্য মূলধন ও  
লিভারেজ রেশিও সংরক্ষণ করতে হবে।

৩. ব্যাংকগুলো এন্টারপ্রাইজ ডাটা ওয়ারহাউজের মাধ্যমে সলো ও কনসোলিডেটেড ভিত্তিতে মূলধন পর্যাপ্ততার হার ও লিভারেজ  
রেশিও এর বিবরণী প্রতি ত্রৈমাসিকান্তের পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এ দাখিল করবে যা মার্চ  
২০১৫ ত্রৈমাসিক হতে শুরু হবে (বিবরণী ৩০ এপ্রিল, ২০১৫ এর মধ্যে দাখিল করতে হবে)।

৪. মূলধন পর্যাপ্ততার হার ও লিভারেজ রেশিও রিপোর্টিং এর জন্য দু'টি ফরম্যাট প্রণয়ন করা হয়েছে যা ডিপার্টমেন্ট অব অফ-  
সাইট সুপারভিশন থেকে সংগ্রহ করার জন্য ব্যাংকগুলোকে পরামর্শ দেয়া যাচ্ছে।

৫. উল্লেখ্য, ব্যাংকগুলো Rationalized Input Template ব্যবহার করে উপরিউক্ত বিবরণী বাংলাদেশ ব্যাংক ওয়েব  
পোর্টালে দাখিল করবে যা পরবর্তীতে প্রদান/সরবরাহ করা হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/ =

(এস,এম, রবিউল হাসান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩